গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া
kumarkhali.kushtia.gov.bd

২৪ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ

স্মারক নং- ০৫.৪৪.৫০৭১.০১৭.০০.০০১.২১. ৭৮২

তারিখ : -------------------------
০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

## হাট বাজার ইজারার পুন:বিজ্ঞপ্তি

জেলা প্রশাসক, কুষ্টিয়া মহোদয়ের রাজস্ব শাখার ২৩ আগষ্ট/২০২১ খ্রি. তারিখের ০৫.৪৪.৫০০০.০০৫.৫৫.০০৭.২১.৮১৬(২) নং স্মারক পত্রের নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত পশুহাট অস্থায়ী ভিত্তিতে বসানোর অনুমতির প্রেক্ষিতে অস্থায়ী পশুহাটটি প্রচলিত নীতিমালার আলোকে ইংরেজি ১৫/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ১৪/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ১১ (এগারো) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্রের মাধ্যমে ইজারা আহবান করা হয়। কিন্তু নির্ধারিত তারিখে কোন দরপত্র দাখিল না হওয়ায় হাট বাজার ইজারা কমিটির সভায় পুন:বিজ্ঞপ্তি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত হাট ২৯/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ২৯/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ১১(এগারো) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। উক্ত তারিখে আহবানকৃত দরপত্র দাখিল না হলে পুন:রায় ০৭/১০/২০২১ খ্রি. তারিখ হতে ০৭/০৯/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ১১(এগারো) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া, সহকারী কমিশনার (ভূমি), কুমারখালী, অফিসার ইনচার্জ, কুমারখালী থানা, সোনালী ব্যাংক, উপজেলা কমপ্লেক্স শাখা ও নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে সিডিউল ক্রয় করা যাবে । জেলা প্রশাসকের কার্যালয় ,কুষ্টিয়া, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে। দরপত্র মূল্যায়ন কমিটি সর্বোচ্চ দরদাতার দর বিধি মোতাবেক সুপারিশ করবেন এবং বিধি মোতাবেক দরপত্র অনুমোদনের পর দখল হস্তান্তর করা হবে । দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং দরপত্র সংক্রান্ত তথ্যাদি এ কার্যালয়ের ওয়েব সাইট kumarkhali.kushtia.gov.bd এবং ফেসবুক আইডি Uno kumarkhali kushtia তে বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে । হাট বাজারের তথ্য ও দরপত্র দাখিল সংক্রান্ত কর্মসূচী নিম্নরুপ :

হাট বাজারের তথ্য

| ক্র: নং | অস্থায়ী হাটের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|
| ১ | চড়াইকোল ষ্টেশন বাজার সংলগ্ন অস্থায়ী পশুহাট | ৭২,৩৫,৪৯৬/- | ১৫,২০০/- |

দরপত্র ক্রয় এবং দাখিল সংক্রান্ত তফশিল (ক)

| বিবরণ | তারিখ | সময় |
|---|---|---|
| দরপত্র ক্রয়ের তারিখ | ০৯/০৯/২০২১ খ্রি. হতে ১৯/০৯/২০২১খ্রি. | বিকাল ৫.০০ টা পর্যন্ত |
| দরপত্র দাখিলের তারিখ | ২০/০৯/২০২১ খ্রি. | দুপুর ১.০০ টা পর্যন্ত |
| দরপত্র খোলার তারিখ | ২০/০৯/২০২১ খ্রি. | বেলা ৩.০০ টা |

দরপত্র ক্রয় এবং দাখিল সংক্রান্ত তফশিল (খ)

| বিবরণ | তারিখ | সময় |
|---|---|---|
| দরপত্র ক্রয়ের তারিখ | ২১/০৯/২০২১ খ্রি. হতে ২৯/০৯/২০২১খ্রি. | বিকাল ৫.০০ টা পর্যন্ত |
| দরপত্র দাখিলের তারিখ | ৩০/০৯/২০২১ খ্রি. | দুপুর ১.০০ টা পর্যন্ত |
| দরপত্র খোলার তারিখ | ৩০/০৯/২০২১ খ্রি. | বেলা ৩.০০ টা |

## অস্থায়ী হাট বাজার ইজারার শর্তাবলী

১। ইংরেজি ২৯/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ২৯/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ১১(এগারো) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। উক্ত তারিখে আহবানকৃত দরপত্র দাখিল না হলে পুন:রায় ০৭/১০/২০২১ খ্রি. তারিখ হতে ০৭/০৯/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ১১(এগারো) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। (কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে)।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০%(একশত ভাগ), ১৫% (পনের ভাগ) মূল্য সংযোজন কর (ভ্যাট), ৫%(পাঁচ ভাগ ) আয়কর হিসেবে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফশিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে ( দাখিলকৃত দরের ১০০% অর্থ ১টি পৃথক সিডি/ পে-অর্ডারের মাধ্যমে এবং ১৫%ভ্যাট, ৫%আয়কর এর অর্থ একত্রে অপর ১ টি সিডি / পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে যা সিডিউলে পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে )।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।

৪। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। দরপত্র গ্রহণের পূর্বের দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ উপরিউল্লিখিত অফিসসমূহ হতে বর্ণিত তফশিল মোতাবেক অস্থায়ী হাটের সিডিউল নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। এছাড়া ক্রয়কৃত সিডিউলের মূল্য অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৫। খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজরের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না । ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন ।

৭। দরপত্র আহবানকৃত হাটের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে । দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে । এছাড়া ক্রয়কৃত সিডিউলের মূল্য অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৮। ইজারাদার কোন ক্রমেই হাট/বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেনা। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে ।

৯। দরপত্র অনুমোদনের পর কার্যাদেশ প্রাপ্তির পূর্বেই সর্বোচ্চ দরদাতাকে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে । চুক্তি সম্পাদনের পর অস্থায়ী হাটের দখল সংশ্লিষ্ট ইজারাদারকে প্রদান করা হবে।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন ।

১২। ইজারাদারের নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন ।

১৩। কোন প্রকার ঘষা-মাজা কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবেনা ।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত এবং আইন শৃংখলা লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। দরদাতাকে দরপত্রের সাথে অবশ্যই দরপত্র দাতার পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি ও আইডি কার্ডের ছায়ালিপি দাখিল করতে হবে।

১৮। সরকারী স্বার্থ রক্ষার্থে প্রয়োজনে কর্তৃপক্ষ নতুনভাবে যে কোন শর্তাবলী আরোপ করতে পারবে ।

১৯। দরপত্রে বর্ণিত অস্থায়ী পশুহাট সপ্তাহে একদিন বসবে।

২০। যদি কোন কারণে অস্থায়ী পশুহাটে আইন শৃংখলা বিঘ্ন ঘটে অথবা আইন শৃংখলার অবনতির সম্ভাবনা রয়েছে মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট মনে হয়, সেক্ষেত্রে অস্থায়ী পশুহাটের বরাদ্দ আদেশ বাতিল বলে গণ্য হবে।

২১। অস্থায়ী পশুহাটে যদি কোন পক্ষকে আইন শৃংখলা বিঘ্ন ঘটার কাজে নিয়োজিত দেখা যায়, তবে প্রচলিত মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

Bitanmandal
০৮/০৭/২১

বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
কুমারখালী, কুষ্টিয়া
ফোন নং-০৭০২৫-৭৬৪০২
E- mail-unokumarkhali@mopa.gov.bd

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য /অবগতি ও কার্যার্থে(বহুল প্রচারের জন্য) প্রেরণ করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া
২। পুলিশ সুপার, কুষ্টিয়া
৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুষ্টিয়া
৫। মেয়র, কুমারখালী পৌরসভা
৬। সহকারী কমিশনার (ভূমি), কুমারখালী, কুষ্টিয়া
৭। ইন-চার্জ কুমারখালী থানা ( তাঁকে দরপত্র দাখিলের দিনে ২ জন পুলিশফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো )
৮। উপজেলা প্রকৌশলী/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার/সাব-রেজিষ্টার/অফিসার ইনচার্জ, কুমারখালী থানা /পোষ্ট মাষ্টার কুমারখালী, কুষ্টিয়া
৯। চেয়ারম্যান কয়া/শিলাইদহ/জগন্নাথপুর/সদকী/নন্দলালপুর/চাপড়া/বাগুলাট/যদুবয়রা/পান্টি/চাঁদপুর/চরসাধীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া । বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের পাশাপাশি দরপত্র খোলার তারিখে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে হাট/বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কয়া/শিলাইদহ/জগন্নাথপুর/সদকী/নন্দলালপুর/চাপড়া/ বাগুলাট/যদুবয়রা/ পান্টি/ চাঁদপুর/ ইউনিয়ন ভূমি অফিস/পৌর ভূমি অফিস, কুমারখালী, কুষ্টিয়াকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১১। সম্পাদক.......................................... পত্রিকা..................... কুমারখালী, কুষ্টিয়া
১২। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড
১৩। অফিস কপি